ভোরের কাগজ

৬/৬/2000

সরকারি অনুমোদনের আশ্বাস দিয়ে অর্থ আত্মসাৎ

# আন্দোলনে নেমেছে সরিষাবাড়ী বঙ্গবন্ধু এডুকেশন কমপ্লেক্সের শিক্ষক-শিক্ষিকরা

**জামালপুর প্রতিনিধি :** বিদ্যালয়ের সরকারি অনুমোদন পাইয়ে দেওয়ার নাম করে শিক্ষকদের কাছ থেকে নেওয়া মোটা অঙ্কের অর্থ আত্মসাতের অভিযোগে বিদ্যালয় পরিচালনা পরিষদের বিরুদ্ধে আন্দোলনে নেমেছে সরিষাবাড়ী বঙ্গবন্ধু এডুকেশন কমপ্লেক্সের ৭১ জন শিক্ষক-শিক্ষিকা। তারা কমপ্লেক্স পরিচালনা পরিষদের কমিটি ভেঙে দিয়ে নতুন কমিটি গঠনের দাবিতে গত বৃহস্পতিবার জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কাছে স্মারকলিপি দিয়েছেন।

অভিযোগে জানা গেছে, সরকারি অনুমোদন ছাড়াই ১৯৯৯ সালে সরিষাবাড়ী সদরে পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠান সমন্বয়ে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু এডুকেশন কমপ্লেক্স পরিচালনা পরিষদ অর্থের বিনিময়ে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করে। নিয়োগের সময় বিদ্যালয়ের সরকারি অনুমোদন পাইয়ে দেওয়া ও শিক্ষকদের এমপিওভুক্তকরণের কথা বলে পরিচালনা পরিষদ তাদের কা থেকে সর্বমোট ৩০ থেকে ৭০ লাখ টাক আদায় করে।

দীর্ঘদিনেরও বিদ্যালয় সরকা অনুমোদন না পাওয়ায় শিক্ষকদের চাক

অনিশ্চিত হয়ে পড়ে। এ অবস্থায় শিক্ষকর টাকা ফেরতদানের দাবিতে গত ২৫ ও ২ মে সরিষাবাড়ীতে বিক্ষোভ মিছিল ক টিএনওর কাছে স্মারকলিপি দেয়। তারা টাক ফেরত দান ও পরিচালনা পরিষদের কমি ভেঙে নতুন কমিটি গঠনের দাবিতে গ বৃহস্পতিবার জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কাছে স্মারক লিপি প্রদান করে।

উল্লেখ্য, কমপ্লেক্স পরিচালনা পরিষদের সভাপতি হচ্ছেন ধর্ম প্রতিমন্ত্রী মাওলানা নূরুল ইসলাম, সম্পাদক ছানোয়ার হোসেন বাদশা এবং সদস্য প্রধান শিক্ষক আবদুল লতিফ।